মেহেরপুরের ২টি সংসদীয় আসনে জামায়াতে ইসলামীর প্রার্থী ঘোষণা

আসন্ন জাতীয় সংসদ নির্বাচন উপলক্ষ্যে মেহেরপুরের দুটি আসনে দলীয় প্রার্থী ঘোষণা করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। আজ রবিবার মাগুরা শহরের আল আমিন মিলনায়তনে অনুষ্ঠিত এক দায়িত্বশীল সম্মেলনে আনুষ্ঠানিকভাবে প্রার্থীদের নাম ঘোষণা করা হয়।

প্রার্থীরা হলেন মেহেরপুর-১ (সদর ও মুজিবনগর) আসনে মেহেরপুর জেলা জামায়াতের আমীর মাওলানা তাজউদ্দিন খান ও মেহেরপুর ২ (গাংনী) আসনে জেলা জামায়াতে ইসলামীর শুরা ও কর্মপরিষদ সদস্য গাংনী উপজেলা পরিষদের সাবেক চেয়ারম্যান মো: নাজমুল হুদা।

বাংলাদেশ জামায়াতের যশোর-কুষ্টিয়া অঞ্চলের পরিচালক ও কেন্দ্রীয় নির্বাহী পরিষদের অন্যতম সদস্য মোবারক হোসাইন প্রার্থীদের নাম ঘোষণা করেন।

এসময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন অঞ্চল সহকারী পরিচালক মাওলানা আজিজুর রহমান, অঞ্চল টিম সদস্য অধ্যক্ষ খন্দকার এ কে এম আলী মহসিন, ডক্টর আলমগীর বিশ্বাস, আশেক ইলাইহি, আব্দুল মতিন, মেহেরপুর জেলা জামায়াতের সেক্রেটারি জেনারেল ইকবাল হোসেন প্রমুখ। এদিকে মেহেরপুর জেলার দুটি সংসদীয় আসনে জামায়াতে ইসলামীর প্রার্থী ঘোষণা করাই সংগঠনের নেতাকর্মী ও সমর্থকদের মধ্যে নতুন করে উৎসব শুরু হয়েছে।

মেহেরপুর বিএনপির ৩১ সদস্যের আহবায়ক কমিটি ঘোষণা

জাভেদ মাসুদ মিল্টনকে আহবায়ক ও অ্যাডভোকেট কামরুল হাসানকে সদস্য

সচিব করে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির মেহেরপুর জেলা শাখার ৩১ সদস্য বিশিষ্ট আহ্বায়ক কমিটি ঘোষণা করেছে কেন্দ্রীয় বিএনপি।

৩১ সদস্য বিশিষ্ট আহবায়ক কমিটির অন্যান্য সদস্যরা হলেন, যুগ্ম আহবায়ক যথাক্রমে আমিরুল ইসলাম, জাহাঙ্গীর বিশ্বাস ও ফয়েজ মোহাম্মদ, সদস্যরা হলেন, যথাক্রমে মেহেরপুর জেলা বিএনপির সাবেক সভাপতি ও সাবেক এমপি মাসুদ অরুন, জেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও সাবেক এমপি আমজাদ হোসেন, জেলা বিএনপির সাবেক সিনিয়র সহসভাপতি ইলিয়াছ হোসেন, আলমগীর খান ছাতু, আনছারুল হক, গাংনী উপজেলা বিএনপির সাবেক আহবায়ক মোহাম্মদ আব্দুল্লাহ, মো: হাফিজুর রহমান, সদর উপজেলা বিএনপির সাবেক সভাপতি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন, বাংলাদেশ জাতীয় শিক্ষক সমিতির মহাসচিব জাকির হোসেন, আব্দুল হামিদ, খাইরুল বাশার, ওমর ফারুক লিটন, আব্দুল আওয়াল, ইনসারুল হক ইনসু, আলফাজ উদ্দীন কালু, মোছা: রোমানা আহমেদ, মো: আব্দুর রশিদ, সাইফুল ইসলাম, আসাদুজ্জামান বাবলু, মকবুল হোসেন মেঘলা, আখেরুজ্জামান, অ্যাডভোকেট আবু সালেহ মোহাম্মদ নাসিম, মশিউর রহমান ও মো: গনিউল আজিম।

রবিবার দুপুরে বিএনপির যুগ্ম মহাসচিব অ্যডাভোকেট রুহুল কবির রজিভী স্বাক্ষরিত কমিটি মেহেরপুর জেলা বিএনপির নেতৃবৃন্দের কাছে পৌছে।

মেহেরপুর সদর উপজেলা ও পৌর বিএনপির কমিটি বিলুপ্ত ঘোষণা

মেহেরপুর সদর উপজেলা ও পৌর বিএনপির কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়েছে। বিএনপির কেন্দ্র ঘোষিত প্রক্রিয়ায় দলের পুনর্গঠন করে স্থানীয় ও জাতীয় পর্যায়ে সকল চ্যালেঞ্জ মোকাবেলার লক্ষ্যে আজ শুক্রবার (৩১জানুয়ারি) বেলা সাড়ে তিনটার দিকে মেহেরপুরে কাথুলী রোড খাঁন কমিউনিটি সেন্টারে মেহেরপুর সদর উপজেলা ও পৌর বিএনপির যৌথ কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়।

এ সভা থেকে দুটি কমিটি বিলুপ্ত ঘোষণা করা হয়।

কর্মী সমাবেশে অনুষ্ঠানে মেহেরপুর জেলা বিএনপির সাবেক সহ সভাপতি আলমগীর খান সাতুর সভাপতিত্বে জেলা বিএনপির সহ-সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেনন এর সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাড. কামরুল হাসান, যুগ্ম আহবায়ক আমিরুল ইসলাম, অধ্যাপক ফয়েজ মোহাম্মদ।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন,মেহেরপুর জেলা বিএনপি’র সাবেক সহ-সভাপতি আনছা-উল-হক সাবেক সহ-সভাপতি মীর ফারুক জেলা বিএনপির সহ-সভাপতি ওমর ফারুক লিটন, জেলা বিএনপি সাবেক সাংগঠনিক সম্পাদক রোমানা আহম্মেদ, জেলা বিএনপি আইন বিষয়ক সম্পাদক ও পাবলিক প্রসিকিউটর জেলা ও দায়রা জজ আদালত আবু সালেহ মোহাম্মদ নাসিম,

এ সময় অন্যদের মধ্যে আরো উপস্থিত ছিলেন, জেলা জাসাসের সদস্য সচিব বাকাবিল্লাহ, জেলা স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক আজমুল হোসেন মিন্টু,জেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক সাজেদুর রহমান বিপ্লব, সাবেক পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক আলমগীর হোসেন, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপ্নন, জেলা যুবদলের সহ সভাপতি আনিসুল হক লাভলু, জেলা যুবদলের সদস্য মেহেদী হাসান রোলেক্স, মেহেরপুর জেলা জিয়া মঞ্চের সদস্য সচিব মনিরুল ইসলাম মনি, জেলা ছাত্রদলের সহ-সভাপতি নাহিদ মাহবুব সানি, আব্দুল লতিফ, মোশিউল আলম দিপু, নাহিদ আহম্মেদ,পৌর ছাত্রনেতা ফুর্তি হাসান, জনি সহ বিএনপির অঙ্গসংগঠনের বিভিন্ন নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

দলের সবাইকে নিয়ে নতুন শক্তিশালী কমিটি গঠনের লক্ষ্যে মেহেরপুর উপজেলা ও পৌর বিএনপির কমিটি বিলুপ্ত ঘোষণা করেন জেলা বিএনপির আহবায়ক জাভেদ মাসুদ মিল্টন। দ্রুততম সময়ের মধ্যে এ দুটি ইউনিটের আহবায়ক কমিটির মাধ্যমে নতুন কমিটি গঠন প্রক্রিয়া শুরু হবে বলে জানান আহবায়ক ও সদস্য সচিব।

মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির ত্রি-বার্ষিক নির্বাচনের তফসিল ঘোষণা

মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী সমিতির ত্রি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। সম্প্রতি নির্বাচন পরিচালনা কমিটি আনুষ্ঠানিকভাবে এ নির্বাচনের তফসিল ঘোষণা করেছে।

ঘোষিত তফসিল অনুযায়ী, মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ আগামী ১৩/০১/২০২৫ সোমবার। মনোনয়নপত্র যাচাই-বাছাই করা হবে ১৪/০১/২০২৫ মঙ্গলবার। চূড়ান্ত প্রার্থীর তালিকা প্রকাশিত হবে ২০/০১/২০২৫ সোমবার। নির্বাচনের দিন ধার্য করা হয়েছে আগামী ০৭/০২/২০২৫ শুক্রবার।

এবারের নির্বাচনে সমিতির সভাপতি, সাধারণ সম্পাদকসহ অন্যান্য পদে প্রতিযোগিতা হবে। ব্যবসায়ী সমিতির সদস্যরা আশা করছেন, নির্বাচনের মাধ্যমে একটি যোগ্য নেতৃত্ব গড়ে উঠবে, যা ব্যবসায়িক পরিবেশ উন্নত করতে ভূমিকা রাখবে।

নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক আব্দুস সালাম জানান, নির্বাচন সুষ্ঠু ও নিরপেক্ষভাবে আয়োজনের জন্য সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে।

৩ দিনের সাধারণ ছুটি ঘোষণা

দেশে চলমান উদ্ভূত পরিস্থিতিতে সোমবার (৫ আগস্ট) থেকে তিন দিনের সাধারণ ছুটি ঘোষণা করা হয়েছে। রোববার (০৪ আগস্ট) জনপ্রশাসন মন্ত্রণালয় সূত্রে এ তথ্য জানা গেছে।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন বলেন, তিন দিন সাধারণ ছুটির সিদ্ধান্ত হয়েছে। শিগগির এ ব্যাপারে প্রজ্ঞাপন জারি করা হবে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবং তার মন্ত্রিসভার পদত্যাগের একদফা দাবি ঘোষণা করে রোববার (৪ আগস্ট) থেকে সারা দেশে অসহযোগ আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দিয়েছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন।

কোটা সংস্কার আন্দোলনে নেতৃত্ব দেওয়া সংগঠনটির সমন্বয়ক মো. নাহিদ ইসলাম শনিবার (৩ আগস্ট) বিকাল সাড়ে ৫টার দিকে ঢাকায় কেন্দ্রীয় শহীদ মিনারে এই ঘোষণা দেন।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের অসহযোগ কর্মসূচির প্রথম দিন চলছে। রাজধানীর শাহবাগসহ দেশের বিভিন্ন জায়গায় সংঘর্ষের ঘটনায় নিহত হয়েছেন ৫২ জন।

সূত্র: ইত্তেফাক

মেহেরপুর পৌরসভার ৪০ কোটি ৩০ লক্ষ ৮৯ হাজার ১৮৬ টাকার বাজেট ঘোষণা

মেহেরপুর পৌরসভার ২০২৪-২৫ অর্থ-বছরে ৪০ কোটি ৩০ লক্ষ ৮৯ হাজার ১৮৬ টাকার বাজেট ঘোষণা করেন পৌরসভার মেয়র মাহফুজুর রহমান রিটন।

বৃহস্পতিবার মেহেরপুর পৌরসভা মিলনায়তনে ২০২৩-২৪ অর্থবছরে সংশোধিত বাজেট ও ২০২৪-২৫ অর্থ বছরের প্রস্তাবিত বাজেট ঘোষণা করা হয়। ২০২৪-২৫ অর্থ বছরে নতুন কোন কর আরোপ না করে এই বাজেট ঘোষণা করা হয়েছে।

মেহেরপুর পৌর সভার ১ নং প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটনের সঞ্চালনায় অনুষ্ঠিত বাজেট অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, ২ নং প্যানেল মেয়র সৈয়দ আবু আব্দুল্লাহ বাপ্পী, ৩ নং প্যানেল মেয়র মোছা:রোকসানা খাতুন, ১ নং ওয়ার্ডের কাউন্সিলর মীর জাহাঙ্গীর হোসেন, ২ নং ওয়ার্ডের কাউন্সিলর আল মামুন ৪ নং ওয়ার্ডের কাউন্সিলর আব্দুর রহিম, ৫ নং ওয়ার্ডের কাউন্সিলর

মোস্তাক আহমেদ, ৯ নং ওয়ার্ডের কাউন্সিলর সোহেল রানা ডলার, ৭ নং ওয়ার্ডের কাউন্সিলর নুরুল আশরাফ রাজীব, ৮ নং ওয়ার্ডের কাউন্সিলর মুঞ্জুরুল কবীর রিপন, ৪,৫,৬ নং ওয়ার্ডের সংরক্ষিত নারী কাউন্সিলর শারমিন আক্তার, ১,২,৩ নং ওয়ার্ডের সংরক্ষিত নারী কাউন্সিলর দিল আফরোজ জোছনা প্রমুখ।

এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মেহেরপুর পৌরসভার নির্বাহী কমকর্তা জিএম ওবায়দুল্লাহ, হিসাবরক্ষণ কর্মকর্তা আবুল কালাম আজাদ, হিসাব রক্ষক মো: মহাদ্দেস আলী। আরও উপস্থিত ছিলেন, পৌরসভার নির্বাহী প্রকৌশলী, প্রশাসনিক কর্মকর্তাসহ পৌরসভার সকল কর্মকর্তা কর্মচারী, বিশিষ্ট গণ্যমান্য ব্যক্তিবর্গ, রাজনৈতিক নেতৃবৃন্দ, প্রিন্ট ইলেক্ট্রনিক ও অনলাইন মিডিয়ার সাংবাদিকগণ উপস্থিত ছিলেন।

হরিণাকুণ্ডু পৌরসভার উন্মুক্ত বাজেট ঘোষণা

ঝিনাইদহের হরিণাকুণ্ডু পৌরসভার ২০২৩-২০২৪ অর্থ বছরের ৩৯ কোটি ২৫ লাখ ২৭ হাজার ৮১২ টাকার বাজেট ঘোষণা করা হয়েছে। বাজেটে রাজস্ব খাত থেকে আয় ধরা হয়েছে ৩ কোটি ৪৭ লাখ ৭৬ হাজার ২’শ ৪০ টাকা। উন্নয়ন খাত থেকে আয় ধরা হয়েছে ৩৫ কোটি ৭৭ লাখ ৭১ হাজার ৫’শ৭২ টাকা। গত অর্থ বছরের চেয়ে প্রায় পাঁচ কোটি টাকা বেশি আয় ও ব্যয় ধরা হয়েছে এই বাজেটে।

গতকাল রবিবার সকালে পৌরসভা কার্যালয়ে উন্মুক্ত বাজেট আলোচনা শেষে এই বাজেট ঘোষণা করেন পৌরসভার মেয়র ফারুক হোসেন। বজেট আলোচনা সভায় প্রধান আতিথি হিসেবে হরিণাকুণ্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন এবং বিশেষ অতিথি হিসেবে উপজেলা নির্বাহী অফিসার সুস্মিতা সাহা বক্তব্য দেন।

এ সময় আরও বক্তব্য দেন সাবেক সেনা কর্মকর্তা আব্দুর রাজ্জাক, প্যানেল মেয়র সিদ্দিকুর রহমান, পৌর নির্বাহী কর্মকর্তা (অঃ দাঃ) রাশেদ আলী খান, পৌর আ‘লীগের সভাপতি খাইরুল ইসলাম, উপজেলা

স্বেচ্ছাসেবক লীগের সভাপতি রাফেদুল হক সুমন, ছাত্রলীগের সাধারণ সম্পাদক নাজমুল হুসাইন প্রমূখ।

পৌরসভা প্রতিষ্ঠার পর এটিই সবচেয়ে বড় অংকের বাজেট হওয়ায় বক্তারা এর সফল বাস্তবায়নের ওপর আলোকপাত করে বাস্তবায়নের জন্য মেয়রসহ সংশ্লিষ্ট সকলের প্রতি আহব্বান জানান।

মেহেরপুরে জাতীয় প্রাথমিক শিক্ষা পদক-২০২২ ঘোষণা

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ক্ষেত্রে অবদান রাখা, প্রাথমিক শিক্ষার মানউন্নয়ন ও শিক্ষাকে এগিয়ে নিতে অবদান রাখা, শিক্ষার্থী ঝোরে পড়া রোধকল্পে কাজ করা, সঠিকভাবে পাঠদান, সঠিক সময়ে বিদ্যালয়ে হাজির, বিদ্যালয় পরিচালনা করাসহ বিভিন্ন বিষয়ের গুরুত্ব দিয়ে মেহেরপুর জেলায় শ্রেষ্ঠদের নির্বাচিত ও তাদের জাতীয় প্রাথমিক শিক্ষা পদক-২০২২ ঘোষণা করা হয়েছে।

জাতীয় প্রাথমিক শিক্ষা পদক-২০২২ জেলা পর্যায়ে শ্রেষ্ঠ সভাপতি (এস এম সি) নির্বাচিত হয়েছেন মেহেরপুর সদর উপজেলার রাইপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের (এস এম সি) সভাপতি মো: দেলোয়ার হোসেন রিগান।

এছাড়া মুজিবনগর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক গোলাম ফারুক শ্রেষ্ঠ প্রধান শিক্ষক (পুরুষ), পিরোজপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নাজবীন আরা শ্রেষ্ঠ প্রধান শিক্ষক (নারী), গাংনী উপজেলার খড়মপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক জালাল উদ্দীন শ্রেষ্ঠ সহকারি শিক্ষক(পুরুষ), মেহেরপুরের কাঁঠালপোতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নুরুন নাহার শ্রেষ্ঠ সহকারী শিক্ষক (নারী) নির্বাচিত হয়েছেন।

গাংনী উপজেলার তেরাইল চেয়ারম্যানপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয় জেলা পর্যায়ে শ্রেষ্ট প্রাথমিক বিদ্যালয় নির্বাচিত।

জেলা পর্যায়ে শ্রেষ্ঠ বিদ্যুৎসাহি সমাজকর্মী নির্বাচিত হয়েছেন গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আনোয়ার পাশা। জেলা পর্যায়ে শ্রেষ্ঠ কাব শিক্ষক নির্বাচিত হয়েছেন গাংনী উপজেলার মটমুড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মাহাবুব আরা বিউটি। প্রাথমিক শিক্ষা প্রশাসনের শ্রেষ্ঠ কর্মচারী নির্বাচিত হয়েছেন জেলা প্রাথমিক শিক্ষা অফিসের কম্পিউটার অপারেটর আব্দুর রাজ্জাক।

শ্রেষ্ঠ সহকারি উপজেলা শিক্ষা অফিসার নির্বাচিত হয়েছেন গাংনী সহকারি উপজেলা শিক্ষা অফিসার সামসুজ্জোহা এবং জেলা পর্যায়ে শ্রেষ্ঠ উপজেলা শিক্ষা অফিসার নির্বাচিত হয়েছেন মুজিবনগর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার মোহা: আলাউদ্দীন। জেলা পর্যায়ে শ্রেষ্ঠ উপজেলা নির্বাহী অফিসার নির্বাচিত হয়েছেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানম। শ্রেষ্ঠ উপজেলা চেয়ারম্যান নির্বাচিত হয়েছেন গাংনী উপজেলা চেয়ারম্যান এমএ খালেক।ঝরে পড়ার হার উল্লেখযোগ্যহারে কমাতে সক্ষম হওয়ায় জেলায় শ্রেষ্ঠ মেহেরপুর উত্তরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়।

শ্রেষ্ট শিক্ষক, শিক্ষিকা, কর্মকর্তা, কর্মচারী, ব্যক্তি ও প্রতিষ্ঠাণ বাছাই কমিটির সভাপতি ও মেহেরপুর জেলা প্রশাসক ড. মুনসুর আলম খান ও সদস্য সচীব মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ভূপেস রঞ্জন রায় জাতীয় প্রাথমিক শিক্ষা পদক ২০২২ উপলক্ষে এ ঘোষণা দেন।

গাংনী বাজার কমিটি নির্বাচনী তফশীল ঘোষণা

মেহেরপুরের গাংনী বাজার কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ার এক বছর পর ত্রি-বাষিক নির্বাচনী তফশীল ঘোষণা করা হয়েছে।

আজ সোমবার বেলা ১১ টার দিকে গাংনী বাজার কমিটির কার্যালয়ে আনুষ্ঠানিক তফশীল ঘোষণা করা হয়। নির্বাচন

কমিশনের প্রধান উপদেষ্টা উপজেলা চেয়ারম্যান এমএ খালেক তফশীল ঘোষনা করেন। মার্কেট মালিক সমিতির সভাপতি ফজলুল হকের সভাপতিত্বে উপস্থিত ছিলেন গাংনী থানার অফিসার ইনচার্জ ওসি আব্দুর রাজ্জাক, নির্বাচন কমিশনের সদস্য আনারুল ইসলাম বাবু, মাজেদুল হক মানিকসহ স্থানীয় সাংবাদিকবৃন্দ। বিগত ২০১৮ সালের ২৯ জানুয়ারী গাংনী বাজার কমিটির সর্ব শেষ নির্বাচন অনুষ্ঠিত হয়।